অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট টাস্ক ফোর্স কর্তৃক কয়েকশত অবৈধ দোকান বন্ধ হওয়ার ঘোষণা করলেন, যার ফলে বৈধ খুচরা বিক্রেতাদের বিক্রিতে বৃদ্ধি দেখা গেছে

গাজা বলবৎকরণ টাস্ক ফোর্সের সূচনার পর থেকে স্টেটের এজেন্সিসমূহ 114টি দোকান বন্ধ করেছে; নিউ ইয়র্ক সিটিসহ স্থানীয় এলাকাসমূহ জানিয়েছে যে গভর্নর হোকলের স্বাক্ষর করা নতুন বিধিমালার কারণে আরো 400 দোকান বন্ধ করা হয়েছে

বলবৎকরণ এলাকাসমূহের বৈধ খুচরা বিক্রেতারা মে মাসের প্রথম সপ্তাহ থেকে জুন মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত 27 শতাংশ বিক্রি বৃদ্ধির কথা জানিয়েছে, যা পূর্ববর্তী মাস-থেকে-মাস ডেটার তুলনায় প্রায় সাত গুণ বেশি

স্টেটের বলবৎকরণ এজেন্সিসমূহ 29 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যের অবৈধ পণ্য বাজেয়াপ্ত করার কথা জানিয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মাত্র 3 সপ্তাহে নিউ ইয়র্ক স্টেট গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স (New York State Cannabis Enforcement Task Force) স্টেটজুড়ে 100টির বেশি অবৈধ দোকান বন্ধ করে দিয়েছে। এইসব লাইসেন্সবিহীন গাঁজার দোকান বন্ধ করে দেওয়ার ব্যাপারে স্টেটের প্রতিশ্রুতির কারণে টাস্ক ফোর্সের বলবৎকারণ কর্মকাণ্ডের দ্বারা প্রভাবিত এলাকাসমূহে বৈধ গাঁজার বিক্রি সরাসরি 27 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

"দেশের সবথেকে বলীয়ান, সবথেকে সমতার গাঁজার বাজার গঠন করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "সেই লক্ষ্য অগ্রসর করার জন্য লাইসেন্সবিহীন গাঁজার দোকান বন্ধ করা ত্বরান্বিত করার প্রতিজ্ঞা আমরা করেছি, এবং আমি আজকে বলতে চাই যে: আমরা এটি করে দেখাচ্ছি।"

গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management, OCM) ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক ফেলিশিয়া এ বি রিড বলেন, "লাইসেন্সবিহীন গাঁজা আমাদের সম্প্রদায়সমূহ এবং লাইসেন্সধারী গাঁজার ব্যবসার জন্য যেই ঝুঁকি ও বিপদ নিয়ে আসে তা কোনো ছোট ব্যাপার নয়। সমতা নিয়ে আসতে, চাকরি তৈরি করতে, এবং গাঁজার বাজার সম্প্রসারিত হওয়ার সময় পণ্যের বিশুদ্ধতা নিশ্চিত করতে নিউ ইয়র্ক যেই দুর্দান্ত কাজ করেছে, তারা তা বিফল করার হুমকি প্রদান করে। টাস্ক ফোর্সের সদস্যদের নিবেদনের কারণে নিউ ইয়র্ক বেআইনি দোকান বন্ধ করে দেওয়ার ব্যাপারে নির্দেশিত অগ্রগতি করছে। কাজটি সম্পন্ন করার ব্যাপারে গভর্নরের তেজ এবং

মনোযোগ এই সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ, এবং এই প্রয়াসে বলবৎকরণ দলের সকল পরিশ্রমী ব্যক্তিদের অনবদ্য প্রতিশ্রুতির কারণে আমি তাদের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "নিউ ইয়র্ক স্টেট গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স হলো একটি উল্লেখযোগ্য স্টেটব্যাপী প্রয়াস এবং অবৈধ দোকানে গাঁজা বিক্রি বন্ধ করা এবং তাদের সরবরাহকে বিঘ্নিত করার লক্ষ্যে গাঁজা ব্যবস্থাপনা অফিস এবং আমাদের অন্যান্য স্টেট এজেন্সি অংশীদারদের সাথে আমরা আমাদের কাজ অব্যাহত রাখবো। গভর্নর হোকলের নেতৃত্বের জন্য এবং এটিকে একটি সফল প্রয়াস করতে প্রয়োজনীয় সংস্থান প্রদান করার জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে অবৈধ গাঁজার দোকানের কারণে আমাদের পথেঘাটে এই মনোভাব বিরাজ করেছে যে যা খুশি করা যেতে পারে, কিন্তু এখন আর তা সত্য নয়। এই অবৈধ কর্মকাণ্ড নির্মূল করার জন্য আমাদের যেই ক্ষমতার প্রয়োজন ছিলো তা স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলিকে প্রদান করার জন্য গভর্নর হোকল এবং অ্যালবানিতে আমাদের অংশীদারদের সাথে কাজ করার পর আমরা 'অপারেশন প্যাডলক টু প্রোটেক্ট (Operation Padlock to Protect)' শুরু করেছি, যা ইতিমধ্যেই দুর্দান্ত ফলাফল প্রদর্শন করছে। মাত্র কয়েক সপ্তাহের মধ্যেই আমরা প্রায় 400 স্মোক শপ বন্ধ করে দিয়েছি, 13.3 মিলিয়ন মার্কিন ডলারের অবৈধ পণ্য বাজেয়াপ্ত করেছি, এবং 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি জরিমানা ও শাস্তি প্রদান করেছি। আমাদের কাজ শিশুদের সুরক্ষিত রাখবে, আমাদের সড়ক নিরাপদ রাখবে, এবং নিউ ইয়র্কের প্রাপ্য সমৃদ্ধশালী বৈধ বাজার তৈরিতে অবদান রাখবে।"

অবৈধ গাঁজার কর্মকাণ্ড বন্ধ করতে এবং বৈধ বাজারকে সুরক্ষিত রাখতে এপ্রিল মাসে অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল নতুন প্রণোদনা উন্মোচন করেন। অবৈধ দোকান এবং তাদেরকে সম্ভব করা সত্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনাটি গাঁজা ব্যবস্থাপনা অফিস এবং স্থানীয় মিউনিসিপ্যালিটিসমূহকে নতুন কর্তৃত্ব প্রদান করে। বেআইনি গাঁজার বাজারের বিরুদ্ধে মোকাবেলা করার জন্য এই উদ্যোগগুলি এখন পর্যন্ত প্রণীত নীতিগুলির সব চেয়ে শক্তিশালী সেট।

21 মে গভর্নর গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্সের সূচনা করেন। স্টেট পুলিশের প্রথম ডেপুটি সুপারিন্টেনডেন্টের নেতৃত্বে এই টাস্ক ফোর্সটি হলো অবৈধ গাঁজার বাজারের মোকাবেলা করার জন্য একাধিক এজেন্সির কর্মীদের সমন্বয় করার একটি মুখ্য স্টেটব্যাপী প্রয়াস। স্টেট পুলিশ, OCM, এবং অন্যান্য স্টেট এজেন্সির মধ্যে সহযোগিতার মাধ্যমে টাস্ক ফোর্সটিকে অবৈধ গাঁজা কর্মকাণ্ড সম্পূর্ণরূপে সামাল দেওয়ার জন্য সক্ষম করা হয়েছে। অবৈধ ডিস্পেন্সারি উচ্ছেদ করতে টাস্ক ফোর্স বাড়িওয়ালাদের সাথে কাজ করেছে, এবং অবৈধভাবে পরিচালিত হচ্ছে তা জানানোর পরেও ভাড়াটিয়াদের উচ্ছেদ করতে ব্যর্থ হওয়া বাড়িওয়ালাদের শাস্তি প্রদান করতে কাজ করছে।

এইসব লাইসেন্সবিহীন গাঁজার দোকান বন্ধ করতে স্টেটের প্রতিশ্রুতি বৈধ গাঁজার শিল্পখাতকে সরাসরি প্রভাবিত করছে। 21 মে টাস্ক ফোর্সটি সক্রিয় হওয়ার পর থেকে 114টি অবৈধ গাঁজার দোকানে তালা লাগানো হয়েছে। পাশাপাশি, OCM জানিয়েছে যে এইসব দোকান থেকে

29,306,247 মার্কিন ডলার মূল্যমানের অবৈধ মাদক বাজেয়াপ্ত করা হয়েছে এবং তালা লাগানো দোকানের অবস্থানের নিকটবর্তী দোকানগুলিতে বৈধ গাঁজার বিক্রি মে মাস থেকে 27 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

স্টেটের সিনেটর নাটালিয়া ফার্নান্ডেজ বলেন, "বৈধ এবং নিয়ন্ত্রিত গাঁজা বিক্রির একজন শক্ত অ্যাডভোকেট হিসেবে, অবৈধ দোকান বন্ধ করতে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট গাঁজা বলবৎকারণ টাস্ক ফোর্সের অধ্যবসায়পূর্ণ প্রয়াসের জন্য আমি তাদের প্রশংসা করছি। আমরা এই উদ্যোগটি অগ্রসর করছি, এবং নিউ রোশেলের মতো মুখ্য শহর এবং সম্পূর্ণ স্টেটজুড়ে এইসব বলবৎকরণ প্রয়াসকে সম্প্রসারিত হতে দেখার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ। এই দোকানগুলি অনিয়ন্ত্রিত, অপরীক্ষিত পণ্য বিক্রি করছে যা সম্প্রদায়ের জন্য উল্লেখযোগ্য ঝুঁকির কারণ হতে পারে। এই পদক্ষেপ শুধু আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখবে না, বরং এছাড়াও বৈধ বাজারকে বলীয়ান করবে। নিউ ইয়র্কে একটি ন্যায্য ও নিরাপদ গাঁজা শিল্পখাত নিশ্চিত করার ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ, এবং এইসব বলবৎকরণ ব্যবস্থা তার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

স্টেটের সিনেটর জামাল বেইলি বলেন, "নিউ ইয়র্ক স্টেটে একটি ন্যায্য ও সমতার গাঁজা বাজার স্থাপন করার জন্য এই বছরের বাজেটে আমরা মুখ্য পদক্ষেপ গ্রহণ করেছি। অবৈধ গাঁজা বিক্রিতে লিপ্ত ব্যবসাসমূহ শুধু বৈধ গাঁজার বাজারকে ধ্বংস করে না, বরং এছাড়াও আমাদের সম্প্রদায়ের স্বাস্থ্য ও নিরাপত্তাকেও ঝুঁকিগ্রস্ত করে। এইসব অনৈতিক ব্যবসাকে দায়বদ্ধ করার ব্যাপারে এবং আমাদের সম্প্রদায়সমূহের সুস্থতা সুরক্ষিত রাখার জন্য আমরা গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছি। অবৈধ গাঁজা বিক্রিতে জড়িত থাকা ব্যবসা সমূহের লাইসেন্স রদ করার অনুমতি প্রদান করে এবং আইন অমান্য করা প্রতিষ্ঠান বন্ধ করার ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের ক্ষমতা আরো বৃদ্ধি করার মাধ্যমে এটি নিউ ইয়র্কের গাঁজা আইনের বলবৎকরণকে আরো বলীয়ান করবে এবং সকল ব্যবসার জন্য একটি সমতার ক্ষেত্র তৈরি নিশ্চিত করবে," বলেন সিনেটর জামাল টি বেইলি, "এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য, এবং আমাদের আইনসভার নেতৃবৃন্দ অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার কার্ল হিস্টি, এবং সেই সাথে আইনসভার আমার সহকর্মীদের সমর্থনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টন বলেন, "আমাদের সম্প্রদায়ে অবৈধ দোকানের বিস্তার সম্পূর্ণরূপে অগ্রহণযোগ্য, এটি একটি জনস্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যা সৃষ্টি করছে। অবৈধ দোকানে তালা লাগানো এবং প্রাথমিক অপরাধের জন্য জরিমানার একটি সিরিজ দ্বারা স্থানীয় কর্তৃপক্ষ এবং গাঁজা ব্যবস্থাপনা অফিসকে আমরা এই বছর আরো বেশি কর্তৃত্ব প্রদান করেছি। এই পরিবর্তন দীর্ঘদিন পূর্বেই হওয়া উচিত ছিলো এবং স্থানীয় আইন বলবৎকরণের ফলে যে তাদের কার্যকরভাবে বন্ধ করে দেওয়া গেছে তার জন্য আমি খুশি।"

স্টেটের সিনেটর ব্র্যাড হোলিম্যান-সিগাল বলেন, "আজকে নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিজয়ের দিন কারণ আমরা অবৈধ গাঁজা কর্মকাণ্ডের বিরুদ্ধে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণ করেছি। জনস্বাস্থ্যকে রক্ষা করা, বৈধ ব্যবসাকে সমর্থন করা, এবং আমরা যেই বৈধ ফ্রেমওয়ার্ক স্থাপন করেছি তার প্রতি আমাদের নাগরিকদের আস্থা বজায় রাখার জন্য এইসব অবৈধ দোকান বন্ধ করে দেওয়া অত্যাবশ্যকীয়। এইসব অবৈধ কর্মকাণ্ড বন্ধ করে দেওয়ার জন্য

গভর্নর ক্যাথি হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং সিনেটের সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য জন জাকারো জুনিয়র বলেন, "কয়েকশত অবৈধ গাঁজার দোকান একযোগে বন্ধ করে দেওয়া হলো নিউ ইয়র্কে একটি ন্যায্য, নিয়ন্ত্রিত এবং নিরাপদ বাজার তৈরির প্রমাণস্বরূপ। গভর্নর হোকলের নেতৃত্ব, নিউ ইয়র্ক স্টেট পুলিশ, এবং গাঁজা ব্যবস্থাপনা অফিস ব্যতীত এই উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করা সম্ভব হতো না। এই সম্পূর্ণ-সরকার পন্থাটি বৈধ বিক্রিকে বৃদ্ধি করে, আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখে এবং মাদকের বিরুদ্ধে যুদ্ধে (War on Drugs)সবথেকে ক্ষতিগ্রস্তদের উত্থিত করে। আজকের সাফল্য উদযাপন করার সাথে সাথে আমরা অবৈধ গাঁজার কর্মকাণ্ডের বিরুদ্ধে নিবিড়ভাবে মনযোগ প্রদান করছি যা আমাদের স্টেটের বৈধ গাঁজার বাজারের সাফল্য ও অখণ্ডতা নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "অবৈধভাবে গাঁজা বিক্রি করা দোকানকে দ্রুত বন্ধ করে দেওয়ার জন্য স্টেট ও সিটির এজেন্সিসমূহ একত্রে কাজ করছে, সরকারের এমনটিই হওয়া উচিত। অবৈধ বাজার নির্মূল করতে এবং আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে আমাদের সাহায্য করার ব্যাপারে গভর্নরের প্রতিশ্রুতি আজকের ঘোষণাটি প্রদর্শন করে। মারিজুয়ানা নিয়ন্ত্রণ ও কর আইনের (Marihuana Regulation and Taxation Act, MRTA) উদ্দেশ্য হলো নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ ও সমৃদ্ধ গাঁজার বাজার নিশ্চিত করা, যাতে করে কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের বিরুদ্ধে যেই ঐতিহাসিক অন্যায় করা হয়েছে তা সংশোধন করা যায়। এবং যদিও অশ্বেতাঙ্গ ব্যক্তির মালিকানাধীন বৈধ ডিস্পেন্সারির দিক দিয়ে নিউ ইয়র্ক এখন দেশের শীর্ষ রয়েছে, কিন্তু সামাজিক সমতার ব্যাপারে আমাদের লক্ষ্য বাস্তবিকভাবে অর্জন করার জন্য এখনো অনেক কাজ বাকি আছে। আমাদের প্রতিবেশীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে গভর্নর এবং স্টেট ও সিটি সরকারে আমাদের অংশীদারদের সাথে আমি কাজ অব্যাহত রাখবো এবং কৃষ্ণাঙ্গ ও বাদামি নিউ ইয়র্কবাসীকে সত্যিই উত্থিত করবে এমন একটি সমৃদ্ধ শিল্পখাত সম্পূর্ণরূপে স্থাপন করবো।"

অ্যাসেম্বলি সদস্য কেনি বার্গোস বলেন, "এইসব অবৈধ গাঁজার কর্মকাণ্ডের বিরুদ্ধে গভর্নর হোকল ও টাস্ক ফোর্সের অভিযানের জন্য তাদের প্রশংসা করছি। সিদ্ধান্তমূলক এই পদক্ষেপটি আমাদের বৈধ বাজারের বিকাশে ইন্ধন প্রদান করবে এবং এটি এই বিকাশমান শিল্পখাতকে আকৃতি প্রদান করা বৈধ, লাইসেন্সধারী উদ্যোক্তাদের পক্ষে কাজ করে। নিউ ইয়র্কে আমরা একটি ন্যায্য, বলীয়ান গাজার চিত্র অংকন করছি, যা হলো একটি বলীয়ান, সমতার প্রবিধান কী অর্জন করতে পারে তার প্রমাণস্বরূপ।"

অ্যাসেম্বলি সদস্য ল্যান্ডন ডাইস বলেন, "আমাদের সম্প্রদায়সমূহকে অনিরাপদ এবং অপরীক্ষিত গাঁজা পণ্য থেকে সুরক্ষিত রাখার জন্য একটি প্রয়োজনীয় ধাপ হলো অবৈধ গাঁজার দোকান বন্ধ করা। এছাড়াও এগুলি বন্ধ করা হলে আমাদের বৈধ দোকান, বিশেষ করে আমাদের সামাজিক সমতার লাইসেন্সধারীরা সুরক্ষা লাভ করবে। আমাদের সামাজিক সমতার লাইসেন্স আমাদেরকে সম্প্রসারিত করতে হবে এবং তারা যাতে মাদকের বিরুদ্ধে যুদ্ধের দ্বারা প্রভাবিত সম্প্রদায়য়ের মানুষকে নিয়োগদান করে তা নিশ্চিত করতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য ইয়ুডেলকা টাপিয়া বলেন, "অবৈধ গাঁজার দোকানের বিস্তার রোধ করতে এবং একটি সমতার গাঁজার শিল্পখাত গঠন করতে গাঁজা ব্যবস্থাপনা অফিসের জন্য নতুন নেতৃত্বের ব্যাপারে গভর্নর হোকলের ঘোষণা হলো একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। মাদকের বিরুদ্ধে যুদ্ধের দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলির একটি হলো ব্রঙ্কস এবং গাঁজার শিল্পখাতে প্রবেশ করার পথ আমাদের সম্প্রদায়সমূহের জন্য সম্প্রসারিত করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। আমাদের উদ্দেশ্য হলো তা করার মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির সৃষ্টি করা এবং আমাদের সকল সম্প্রদায়ের জন্য গাঁজা শিল্পখাতের মধ্যে ন্যায্য সুযোগ পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করা।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস বলেন, "অর্থবছর 2025 এর বাজেটে যেই ব্যবস্থার প্রণয়ন করা হয়েছে তা নিশ্চিত করবে যাতে আইনসভায় আমার সহকর্মীবৃন্দ, গভর্নরের অফিস (Office of the Governor), নিউ ইয়র্ক সিটি মেয়রের অফিস (New York City Mayor's Office), এবং কয়েক ডজন অ্যাডভোকেটের কার্যকর সহযোগিতার ফলাফল হিসেবে একটি বলীয়ান বৈধ গাঁজার বাজার তৈরি হয়ে। দায়িত্বশীল ব্যবসার মালিকেরা সমৃদ্ধি করতে পারবে এমন একটি সামাজিকভাবে সমতার বাজার তৈরির আমাদের লক্ষ্যকে লাইসেন্সবিহীন দোকান ব্যাহত করে। গাঁজা ব্যবস্থাপনা অফিস এবং স্টেট ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে লাইসেন্সবিহীন দোকান বন্ধ করার ক্ষমতা প্রদান করার লাভ আমরা ইতিমধ্যে দেখতে পারছি, কারণ মাত্র অল্প কয়েক শপথের মধ্যেই বৈধ গাঁজার বিক্রি 27 শতাংশ বৃদ্ধি পেয়েছে। এই ব্যবস্থাসমূহের ফলে ক্ষুদ্র ব্যবসা এবং বহু সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার কাছে দায়িত্বশীল ও বৈধভাবে গাঁজা বিক্রি এবং আমাদের সম্প্রদায়সমূহে চাকরি তৈরির সুযোগ থাকবে।"

একটি সমতার গাঁজার বাজারের জন্য গভর্নরের ভিশনের প্রতি OCM প্রতিশ্রুতিবদ্ধ এবং তাদের প্রতিবেদন অনুযায়ী সামাজিক এবং অর্থনৈতিক সমতার (Social and Economic Equity, SEE) কর্মসূচিটি শিল্পখাতের মধ্যে অন্তর্ভুক্তি এবং সুযোগের প্রচার করা অব্যাহত রেখেছে। বর্তমানে, 54 শতাংশ নতুন আবেদনকারী SEE প্রার্থী। বিস্তারিত শ্রেণীবিভাগ করা হলে এর মধ্যে 39 শতাংশ সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসা, 39 শতাংশ নারী মালিকানাধীন ব্যবসা, 9 শতাংশ সামরিক দায়িত্বে অক্ষম হওয়া ভেটেরান মালিকানাধীন ব্যবসা, 8 শতাংশ পীড়িত কৃষক, এবং 6 শতাংশ অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত সম্প্রদায়সমূহের, যা নিউ ইয়র্কের বিবর্তনশীল গাঁজার চিত্রের বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির উপর আলোকপাত করে। নিউ ইয়র্ক স্টেটে একটি ন্যায্য, সমতার, এবং সমৃদ্ধশালী গাঁজার শিল্পখাত তৈরি করার জন্য স্টেটের অবিচল নিবেদন এই গতিশীল অগ্রগতি দ্বারা প্রদর্শিত হচ্ছে।

এখন পর্যন্ত পুরো স্টেটে OCM 135টি বৈধ ডিস্পেন্সারি খুলেছে। নিউ ইয়র্কের কৃষকদের উৎপন্ন করা এবং নিউ ইয়র্ক স্টেটের নিয়ন্ত্রিত ব্যবস্থা অনুযায়ী পরীক্ষিত, মোড়কজাতকৃত, এবং লেবেলকৃত গাঁজা পণ্য বিক্রির জন্য লাইসেন্সপ্রাপ্ত ডিস্পেন্সারির পূর্ণাঙ্গ তালিকা দেখার জন্য এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন